


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০(অংশ-২)- ৪৯০

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৬
২৩ এপ্রিল ২০১৯

সতর্কতামূলক গণবিজ্ঞপ্তি

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেকটিতে একটি করে অস্থায়ী ভিত্তিতে সৃজিত দপ্তরী-কাম-প্রহরী পদে আউট সোর্সিংয়ের মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে জারিকৃত নীতিমালা অনুযায়ী উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক নিয়োগ প্রদান করা হয়। এই পদটি সরকারের রাজস্বখাতের কোন পদ নয়। এটি সম্পূর্ণ অস্থায়ী পদ। এই মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, এই পদে নিয়োগের জন্য কোন কোন ব্যক্তির সাথে আর্থিক লেনদেন করা হচ্ছে। যেহেতু এই পদটি সম্পূর্ণ অস্থায়ী পদ এবং এটি রাজস্ব খাতের কোন পদ নয় সেহেতু এই পদে যারা নিয়োগ পাচ্ছেন তাদের চাকুরী স্থায়ী হওয়ার কোন নিশ্চয়তা নেই। সুতরাং দপ্তরী কাম প্রহরী পদে চাকুরী নেয়ার জন্য কোন ব্যক্তি, কর্মকর্তা বা কোন প্রতিষ্ঠানকে অর্থ প্রদান করা সমীচীন হবে না। এতে এই পদে চাকুরী প্রার্থী ও চাকুরী গ্রহীতা চূড়ান্তভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন। এমতাবস্থায়, সম্পূর্ণ অস্থায়ী পদ হিসেবে সৃজিত দপ্তরী-কাম-প্রহরী পদে নিয়োগ লাভের জন্য কোনরূপ আর্থিক লেনদেন না করতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।


(মোঃ আকরাম-আল-হোসেন)
সচিব
ফোনঃ ৯৫৪০৪৮৪

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. যুগ্মসচিব / যুগ্মপ্রধান (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. সম্পাদক, দৈনিক , (তাকে গণবিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
১১. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৩. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে গণবিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৪. সিনিয়র সহকারী সচিব/ মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব/ সিনিয়র সহকারী প্রধান/ সহকারী সচিব/ সহকারী প্রধান/ পরিসংখ্যান কর্মকর্তা/ লাইব্রেরিয়ান/ জনসংযোগ কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. নোটিশ বোর্ড।
১৬. অফিস কপি।